

আমি নিখুঁত নই, এটা বলার সাহস রাখি: সামান্থা -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৯ ঃ মেহেরপুর-বুধবার ২২ অক্টোবর ২০২৫ ইং ঃ ৬ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ২৯ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর

## বাস্তবতার নিরিখে শিক্ষকদের বিষয়ে সিদ্ধান্ত নিতে হয়েছে প্রধান উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

চলতি বছরের ১ নভেম্বর থেকে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়িভাড়া মূল বেতনের সাড়ে ৭ শতাংশ বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে অন্তর্বর্তীকালীন সরকার। একইসঙ্গে, আগামী বছরের জুলাই মাস থেকে বাড়িভাড়া আরও সাড়ে ৭ শতাংশ বৃদ্ধির সিদ্ধান্ত হয়েছে। বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের

২-এর পৃষ্ঠা দেখুন

## এমপিওভুক্ত শিক্ষকদের বাড়ি ভাড়া ভাতা ১৫ শতাংশ বাড়ানোর সিদ্ধান্ত সরকারের

নিজস্ব প্রতিবেদক

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়ি ভাড়া ভাতা ১৫ শতাংশ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার।

গতকাল মঙ্গলবার অর্থ মন্ত্রণালয়ের এক চিঠিতে এ তথ্য জানানো হয়।

চিঠিতে বলা হয়েছে, বেসরকারি

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে জামায়ের টাকার জিম্মাদার হয়ে শ্বশুর জেলে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে জামায় জায়েদ হোসেন জিমের টাকার জিম্মাদার হয়ে শ্বশুর হাবিবুর রহমানের ২বছরের সশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও এক মাসের বিনাশ্রম কারাদণ্ডে দন্ডিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে মেহেরপুর সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এ রায় ঘোষণা করা হয়। দণ্ডিত হাবিবুর রহমান মেহেরপুর সদর উপজেলার গোভিপুর গ্রামের মৃত আয়নাল হকের ছেলে। মামলা সূত্রে জানা যায়, মেহেরপুর ২ নম্বর ওয়ার্ডের বোসপাড়ার আসিফ ইকবাল ডিলারশিপ ব্যবসা পরিচালনার জন্য জায়েদ হোসেন জিমকে ১৩ লক্ষ টাকা বিনিয়োগ হিসেবে প্রদান করেন। পরবর্তীতে লভ্যাংশ নিয়ে মতবিরোধ দেখা দিলে বিনিয়োগের টাকা ফেরত চাইলে টাকা দিতে গড়িমসি করেন। পরে জামাতার পক্ষে জিম্মাদার হিসেবে শ্বশুর হাবিবুর রহমান বাদীর সঙ্গে একটি আপোষনামা সম্পন্ন করেন



এবং ২০২৩ সালের ১ অক্টোবর থেকে তিন মাসের মধ্যে পাওনা টাকা পরিশোধের অঙ্গীকার করেন। কিন্তু নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পরও তিনি টাকা পরিশোধ না করে নিজের নামীয় জনতা ব্যাংকের একটি চেক প্রদান করেন। ব্যাংকে চেকটি জমা দিলে স্বাক্ষর অমিল ও অপর্যাপ্ত তহবিলের কারণে তা ডিজঅনার হয় বলে ব্যাংক কর্তৃপক্ষ জানায়। তখন আসিফ ইকবাল বাদি হয়ে হাবিবুর রহমানের জামাতা জায়েদ হোসেন জিম ও মেহেরপুর বড়বাজারের মায়ের দোয়া বস্ত্রালয় অ্যান্ড গার্মেন্টসের স্বত্বাধিকারী সোহেল রানাকে আসামি করে আদালতে মামলা দায়েন করেন। যার মামলার নম্বর সিআর ৭০৪/২০২৩। মামলার তদন্ত ও সাক্ষ্যগ্রহণ শেষে আদালত আসামি হাবিবুর রহমানকে দোষী সাব্যস্ত করে কারাদণ্ডাদেশ প্রদান করেন।মামলায় আসামি পক্ষের আইনজীবী হিসেবে দায়িত্ব পালন করেন অ্যাডভোকেট আতাউর রহমান। মামলার বাদী পক্ষের আইনজীবী অ্যাডভোকেট কামরুল হাসান রায়ের বিষয়টি নিশ্চিত করেবলেন এয় রায়ে আমরা খুশি। রায় ঘোষণার পর দণ্ডপ্রাপ্ত হাবিবুর রহমানকে

২-এর পৃষ্ঠা দেখুন



# স্বাভাবিক প্রসবে উৎসাহ দিতে নতুন উদ্যোগ মাকে উপহার দিলেন জেলা প্রশাসক

## নবজাতক পেল তাৎক্ষণিক জন্ম সনদ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে নরমাল ডেলিভারির মাধ্যমে কন্যা সন্তানের জন্ম দিয়েছেন মনিকা নামের এক মা। নবজাতক ও তার মাকে উপহার সামগ্রী ও ফুলেল শুভেচ্ছা দিয়ে সম্মানিত করেছেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। মঙ্গলবার দুপুরে জেলা প্রশাসক নিজে মা ও শিশু কল্যাণ কেন্দ্রে উপস্থিত হয়ে মনিকার হাতে উপহার সামগ্রী তুলে দেন। মনিকা মেহেরপুর সদর উপজেলার চাঁদপুর গ্রামের আরিফুজ্জামানের স্ত্রী। সকালে তিনি প্রসব বেদনা নিয়ে হাসপাতালে ভর্তি হন এবং চিকিৎসকদের সহায়তায় সফলভাবে নরমাল ডেলিভারির মাধ্যমে কন্যা শিশুর জন্ম দেন। খবর পেয়ে জেলা প্রশাসক ছুটে যান হাসপাতালে। সেখানে নবজাতক ও তার মাকে ফুলেল শুভেচ্ছা জানান এবং শিশু ও

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে সড়ক দুর্ঘটনায় নারী নিহত, ৩ জন আহত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কে গতকাল মঙ্গলবার বিকেল সাড়ে ৫টার দিকে ট্রাকের ধাক্কায় এক নারী নিহত হয়েছেন। আহত হয়েছেন তার পরিবারের আরও তিনজন সদস্য। নিহত সুমী খাতুন

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে চার জনের কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে সংঘবদ্ধ মারধর মামলায় চার আসামিকে কারাদণ্ড ও অর্থদণ্ড দিয়েছে আদালত। মঙ্গলবার দুপুরে মেহেরপুর চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ আদেশ দেন। রায়ে, মোঃ ইদ্রিস আলী-কে ২ বছর কারাদণ্ড ও ১০,০০০/- টাকা অর্থদণ্ড প্রদান করা হয়েছে। অর্থদণ্ড অনাদায়ে ১৫ দিনের অতিরিক্ত কারাদণ্ড দেওয়া হয়েছে। অপরদিকে, লাল মিয়া, মোঃ বিজয় আহমেদ ও মোঃ মহির উদ্দিনকে ১ বছর কারাদণ্ড ও ১,০০০/- টাকা অর্থদণ্ড অনাদায়ে ১০ দিনের অতিরিক্ত কারাদণ্ড দেওয়া হয়েছে। মামলার বিবরণ অনুযায়ী, আসামীরা পূর্ব

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনী ও মুজিবনগরে শিক্ষক-কর্মচারীদের বিক্ষোভ মিছিল ও মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী ও মুজিবনগরে মঙ্গলবার শিক্ষক ও কর্মচারীরা বাড়ি ভাড়া, মেডিকেল ভাতা ও উৎসব ভাতা বৃদ্ধির দাবিতে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছে। সকালে গাংনী শহরের এসএম প্লাজার সামনে শিক্ষক-কর্মচারীরা মানববন্ধন পালন করে। এরপর শহরে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। মানববন্ধনে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা

২-এর পৃষ্ঠা দেখুন

## সাপের কামড়ে শিশুর মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার খোকসা গ্রামে সাপের কামড়ে আলিফ হোসেন (৮) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। সোমবার দিবাগত রাতে এ ঘটনা ঘটে। পরিবারের সদস্যরা জানান, আলিফ রাতে ঘরে ঘুমিয়ে ছিলো। ঘুমের মধ্যে কোন একসময় বিষধর সাপ আলিফকে দংশন করে। এরপর আলিফের চিৎকারে পরিবারের লোকজন বিষয়টি বুঝতে পেরে গ্রাম্য ওঝা ডেকে বিষ নামানোর চ্টো করে। এতে শিশু আলিফের শারীরিক অবস্থার অবনতি হলে তাকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে যান। হাসপাতালে তার অবস্থার

২-এর পৃষ্ঠা দেখুন



## কাথুলীতে প্রতিবন্ধীদের মাঝে হুইলচেয়ার বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা ছাত্রদলের সহ-সভাপতি রেজওয়ানুল হক ইমনের সার্বিক সহযোগিতায় কাথুলী ইউনিয়নের প্রতিবন্ধীদের মাঝে হুইলচেয়ার বিতরণ করা হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে এ কার্যক্রম সম্পন্ন হয়। এ সময় উপস্থিত ছিলেন গাংনী পৌর যুবদলের সিনিয়র

২-এর পৃষ্ঠা দেখুন



## শিশু পরিবারের ক্রীড়া প্রতিযোগিতা বিজয়ীদের হাতে পুরস্কার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সরকারি শিশু পরিবারের উদ্যোগে গতকাল মঙ্গলবার বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সকালে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম জাতীয় সংগীতের সুরে জাতীয় পতাকা উত্তোলন ও শান্তির প্রতীক পায়রা উড়িয়ে ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ পরিচালক মোঃ আসাদুল ইসলাম সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি ছিলেন সিভিল সার্জন ডা. আবু সাঈদ। সরকারি শিশু পরিবারের শিশুরা মনোজ্ঞ

২-এর পৃষ্ঠা দেখুন

## শোলমারি ইয়ং স্টার ফুটবলে হিজলবাড়িয়া একাদশের জয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শোলমারি সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মঙলবার বিকেলে অনুষ্ঠিত শোলমারি ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্টে হিজলবাড়িয়া একাদশ ২-১ গোলে চৌগাছা ইয়াং স্টারকে পরাজিত করেছে। খেলায় প্রথম অর্ধের ১২ মিনিটে বাবুর গোল হিজলবাড়িয়াকে এগিয়ে দেয়। দ্বিতীয়ার্ধের ৭ মিনিটে ইয়াং স্টারের ওয়ালিদ সমতা ফিরিয়ে আনে। ১৮ মিনিটে বাবু নিজের এবং দলের দ্বিতীয় গোলটি করে হিজলবাড়িয়ার জয় নিশ্চিত করেন। বাবু খেলায় প্রথম গোলদাতা এবং ম্যান অব দ্যা ম্যাচের পুরস্কার লাভ করেন। খেলা শেষে সাবেক ইউপি সদস্য

২-এর পৃষ্ঠা দেখুন



## কার্যকর স্বাক্ষরতা ও কর্মদক্ষতা কর্মশালার উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা উপশিক্ষা ব্যুরোর উদ্যোগে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর বিশেষ কার্যক্রম "কার্যকর স্বাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ" কর্মশালার উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার দুপুরে মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ আব্দুল লতিফ মিয়া। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। বিশেষ

২-এর পৃষ্ঠা দেখুন

# আদালতের নির্দেশে চিৎলা মাধ্যমিকে বন্ধ নির্বাচন

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার চিৎলা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনের ভোটগ্রহণ চলাকালীন আদালতের নির্দেশে ভোট স্থগিত ঘোষণা করা হয়েছে। সোমবার (২০ অক্টোবর ২০২৫) দুপুর ১টার দিকে মেহেরপুর সিনিয়র সহকারী জজ আদালতের আদেশে নির্বাচন পরিচালনা কমিটি ভোটগ্রহণ বন্ধ করে দেয়। জানা গেছে, ধানখোলা ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি নুরুল হুদা, নাজমুল আলম ও আব্দুল হামিদ নির্বাচনে অনিয়মের অভিযোগ এনে আদালতে মামলা করেন। আদালত মামলা আমলে নিয়ে ভোটগ্রহণ স্থগিতের নির্দেশ দেন এবং সংশ্লিষ্ট পক্ষকে ১০ দিনের মধ্যে শোকজ জবাব দাখিলের নির্দেশনা দেন।বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্কাস আলী বলেন, "আমরা আদালতের নির্দেশ পেয়েছি এবং সঙ্গে সঙ্গে ভোটগ্রহণ বন্ধ করেছি। পরবর্তী পদক্ষেপ আদালতের নির্দেশ অনুযায়ী নেওয়া হবে।" অ্যাডহক কমিটির সভাপতি কাওছার আলী বলেন, "ভোট গ্রহণ শান্তিপূর্ণভাবে চলছিল।

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর (ভৈরব নদ কেড়ে নিল তিন তরুণের প্রাণ)

সুইচ গেটের পানির স্রোতে
কেড়ে নিল তিন তরুণের প্রাণ
অজানা নয় যেনেও তারা
হয়নি কেন সাবধান।
সাহস তাদের বুকের পাটা
সাহস ছিল মনে
পানির সাথে মাতব্বারী
জোর করলে কি খাটে।
মায়ের বুক করলি খালি
ফিরলি হয়ে লাশ
সাঁতার না জানলে বাবু
ঐ পানিতেই হবে সর্বনাশ।
সুইচগেটে বসাতে হবে
আনসার চৌকিদারের গাড
বেড়াতে এসে কোন মানুষ
পানিতে না দিতে পারে ঝাঁপ।



## প্লাস্টিক ব্যবহারে দুই ব্যবসায়ীকে জরিমানা

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনীতে পাটজাত মোড়কের পরিবর্তে প্লাস্টিক ও পলিথিন ব্যাগ ব্যবহার করায় দুই ব্যবসায়ীকে মোট ৮ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। গতকাল মঙ্গলবার দুপুরে এ অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি)

২-এর পৃষ্ঠা দেখুন

## আওয়ামী লীগ সচল নাকি নিষিদ্ধ হবে সিদ্ধান্ত নেবে অন্তর্বর্তী সরকার: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী আহমেদ বলেছেন, আওয়ামী লীগ সচল থাকবে নাকি নিষিদ্ধ হবে, সে সিদ্ধান্ত নেবে অন্তর্বর্তীকালীন সরকার। তবে যারা অপরাধে জড়িত, তাদের বিচারের মুখোমুখি হতেই হবে। মঙ্গলবার (২১ অক্টোবর) দুপুরে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। গণভোটের প্রস্তাব প্রসঙ্গে রিজভী বলেন, "আগামী নভেম্বর মাসে গণভোট

২-এর পৃষ্ঠা দেখুন



## ডিঙ্গেদহে বিষাক্ত স্পিরিট কাণ্ড: চারজনের মরদেহ উত্তোলন, 'এ্যালকো ফারুক' গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার ডিঙ্গেদহে বিষাক্ত স্পিরিট পানে মৃত্যুর ঘটনায় তদন্তে নতুন মোড় এসেছে। আদালতের নির্দেশে মঙ্গলবার সকালে কবর থেকে চারজনের মরদেহ উত্তোলন করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৮টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
■ বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ বুধবার ॥ ৬ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ২২ অক্টোবর ২০২৫ইং

# নির্বাচনের মাঠে তাৎক্ষণিক সাজার ব্যবস্থা চায় পুলিশ

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে মাঠপর্যায়ে তাৎক্ষণিক শাস্তির ব্যবস্থা জোরদার করার প্রস্তাব দিয়েছে পুলিশ। আচরণবিধি ভঙ্গ বা বিশৃঙ্খল পরিস্থিতি সৃষ্টি রোধে সারাদেশে ভ্রাম্যমাণ আদালতকে সক্রিয় রাখার তাগিদ দিয়েছে বাহিনীটি। সোমবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের সভাপতিত্বে নির্বাচন কমিশন (ইসি) ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় ও প্রাক-প্রস্তুতিমূলক বৈঠকে এ প্রস্তাব আসে। বৈঠকে চার নির্বাচন কমিশনার ছাড়াও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নাসিমুল গনি, সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার লেফটেন্যান্ট জেনারেল এস এম কামরুল হাসান, পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলমসহ বিভিন্ন বাহিনী ও গোয়েন্দা সংস্থার প্রধানরা উপস্থিত ছিলেন। বৈঠক সূত্রে জানা যায়, আইজিপি বাহারুল আলম জানান নির্বাচনে দেড় লাখ পুলিশ সদস্য দায়িত্ব পালন করবে, যাদের প্রশিক্ষণ কার্যক্রম চলছে এবং ডিসেম্বরের মধ্যে তা শেষ হবে। নির্বাচনী তপশিল ঘোষণার পর ৭৫৪টি ভ্রাম্যমাণ আদালত মাঠে থাকবে। তিনি বলেন, "ভ্রাম্যমাণ আদালত আচরণবিধি ভঙ্গকারীদের তাৎক্ষণিক সাজা দিতে পারলে বিশৃঙ্খলা সৃষ্টির সাহস কেউ পাবে না। এতে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা সহজ হবে।" সিআইডির পক্ষ থেকে জানানো হয়, নির্বাচনের সময় ২৪ ঘণ্টা সাইবার প্যাট্রলিং জোরদার করা হবে। কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহার করে গুজব, বিভ্রান্তিকর ও ভুয়া তথ্য শনাক্ত ও প্রতিরোধে ফ্যাক্ট চেকিং টিম কাজ করবে। পাশাপাশি ক্রাইম ও ফরেনসিক দলও মাঠে থাকবে। সভায় সংবাদকর্মী ও পর্যবেক্ষকদের পরিচয়পত্রে কিউআর কোড বাধ্যতামূলক করার পরামর্শ দেওয়া হয়, যাতে নিরাপত্তা ও সনাক্তকরণ সহজ হয়। ইসি সচিব বলেন, "গেল দুর্গাপূজায় এনটিএমসি প্রযুক্তি ব্যবহার করে ৩৫ হাজারের বেশি মণ্ডপ তদারকি করা হয়েছিল। সেই অভিজ্ঞতা নির্বাচনে কাজে লাগানো যেতে পারে।" সেনাবাহিনীর ম্যাজিস্ট্রেসি ক্ষমতা

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## প্রতিদিন লিপস্টিক ব্যবহারে কি ক্ষতি হয়?

সূর্যোদয় প্রতিবেদক

নারীর সাজের অন্যতম অনুষঙ্গ হচ্ছে লিপস্টিক। লিপস্টিক ঠোঁটের পাশাপাশি মুখের সৌন্দর্য বাড়িয়ে দেয়। অনেকের ধারণা, ঠোঁটে প্রতিদিন লিপস্টিক লাগালে ঠোঁট কালো হয়ে যায়। তবে চিকিৎসকরা বলছেন, কিছু কিছু লিপস্টিকে রাসায়নিক থাকে, যা ঠোঁটের মতো স্পর্শকাতর অঙ্গের ক্ষতি করতে পারে। তবে সব লিপস্টিকের ক্ষেত্রে এই কথা ঠিক নয়। লিপস্টিক মাখলে কার ঠোঁটে ক্ষতি হবে, তা অনেকটাই নির্ভর করে যিনি ব্যবহার করছেন তার ঠোঁটের স্বাস্থ্যের ওপর। এমন কিছু লিপস্টিক রয়েছে, যা ঠোঁটকে শুষ্ক করে তুলতে পারে। আবার যাদের শুষ্ক ত্বকের সমস্যা রয়েছে, তাদের ক্ষেত্রে এই সমস্যা গুরুতর হয়ে যেতে পারে। তবে যে সমস্ত লিপস্টিক তৈরিতে বিভিন্ন ধরনের তেল, মাখন ব্যবহার করা হয়, সেগুলি ঠোঁটের আর্দ্রতা বজায় রাখতে সাহায্য করে। যাদের বিভিন্ন রকম রাসায়নিকে অ্যালার্জি রয়েছে তাদেরও লিপস্টিক ব্যবহার নিয়ে সতর্ক হতে হবে। কোনো নতুন সংস্থার প্রসাধনী ব্যবহার করার আগে 'প্যাচ টেস্ট' করে নেওয়া জরুরি। ঠোঁটে কালচে ছোপ পড়ার জিনগত বা শারীরিক, নানা কারণ থাকতে পারে। রোদের অতিবেগুনি রশ্মি থেকেও এমন সমস্যা হতে পারে। শুধু

৩-এর পৃষ্ঠা দেখুন




## গোভীপুরে ডেঙ্গু মোকাবেলায় যুব সমাজের স্বেচ্ছাসেবী অভিযান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার গোভীপুরে ডেঙ্গু সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও স্বাস্থ্যঝুঁকি কমানোর উদ্দেশ্যে এলাকাবাসী নিজ উদ্যোগে পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান শুরু করেছে। গোভীপুর প্রবাসী কল্যাণ সংস্থা ও আদর্শ গ্রামের যুব সমাজ মঙ্গলবার সকালে এই অভিযান উদ্বোধন করে। গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের সামনে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ সংস্থার উপদেষ্টা মাহবুবুর রহমান। তিনি বলেন, "পরিচ্ছন্ন পরিবেশই ডেঙ্গু প্রতিরোধের প্রথম ধাপ। যুব সমাজের এই উদ্যোগ প্রশংসনীয়।" সাবেক ছাত্রনেতা খালিদ সাইফুল ইসলাম ও জাহাঙ্গীর হোসেনও উপস্থিত থেকে যুবকদের উৎসাহিত করেন। অভিযান শুরু হবে গোভীপুর ব্রিজের পশ্চিমপাড় থেকে, এবং গ্রামের প্রধান সড়কের দু'পাশের এলাকা ধীরে

৩-এর পৃষ্ঠা দেখুন

## তত্ত্বাবধায়ক সরকার ফেরাতে চূড়ান্ত আপিল শুনানি শুরু

সূর্যোদয় প্রতিবেদন

বহুল আলোচিত নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা পুনর্বহালের দাবিতে দায়ের করা আপিলের চূড়ান্ত শুনানি শুরু হয়েছে। আজ মঙ্গলবার (২১ অক্টোবর) প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বে আপিল বিভাগের সাত সদস্যের পূর্ণাঙ্গ বেঞ্চে এ শুনানি শুরু হয়। আদালতে আপিলকারীদের পক্ষে শুনানি করছেন বিশিষ্ট আইনজীবী ড. শরীফ ভূঁইয়া। রাষ্ট্রপক্ষে উপস্থিত রয়েছেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান।

এর আগে গত ২৭ আগস্ট তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বাতিলের রায় পুনর্বিবেচনা (রিভিউ) চেয়ে করা আবেদনের শুনানি শেষে আপিলের অনুমতি দেন আদালত। এর ধারাবাহিকতায় সুশাসনের জন্য নাগরিক (সুজন)-এর সম্পাদক ড. বদিউল আলম মজুমদারসহ

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর শহরে ধানের শীষের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে মেহেরপুর শহরের ৮ নম্বর ওয়ার্ডে ধানের শীষ প্রতীক নিয়ে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে শহরের হোটেল বাজার থেকে শুরু করে ৮ নং ওয়ার্ডের বিভিন্ন পাড়া-মহল্লায় গণসংযোগ করা হয়। এর আগে হোটেল বাজারে একটি পথসভাও অনুষ্ঠিত হয়। পথসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস। আব্দুস সাত্তার মুক্তার সঞ্চালনায় সভায় উপস্থিত ছিলেন বিএনপি নেতা বাবু, হাবিব ইকবাল, মামুনুর রশীদ প্রমুখ।

## গুম-খুনের শক্ত বিচার, আওয়ামী লীগের নিষেধাজ্ঞা প্রত্যাহারের আহ্বান

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশে মানবাধিকার সুরক্ষা ও নাগরিক স্বাধীনতা নিশ্চিত করতে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের প্রতি আহ্বান জানিয়েছে ছয়টি আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন। হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ)-এর উদ্যোগে পাঠানো ওই চিঠিতে বলা হয়েছে, অবাধ ও সুষ্ঠু নির্বাচনের পাশাপাশি গুম, খুনসহ অতীতের গুরুতর মানবাধিকার লঙ্ঘনের শক্ত বিচার নিশ্চিত করতে হবে। রোববার (২০ অক্টোবর) হিউম্যান রাইটস ওয়াচের ওয়েবসাইটে প্রকাশিত চিঠিতে সই করেছে আরও পাঁচটি সংগঠনড় সিভিকাস, কমিটি টু প্রটেক্ট জার্নালিস্টস (সিপিজে), ফোরটিফাই রাইটস, রবার্ট এফ. কেনেডি হিউম্যান রাইটস এবং টেক গ্লোবাল ইনস্টিটিউট। চিঠিতে বলা হয়, বাংলাদেশের নিরাপত্তা খাত এখনো কাঙ্ক্ষিত

৩-এর পৃষ্ঠা দেখুন




## সরকারি টাকায় বিলাসবহুল জেট কিনে তোপের মুখে মার্কিন স্বরাষ্ট্রমন্ত্রী

সূর্যোদয় প্রতিবেদন

সরকারি অর্থে ব্যক্তিগত ব্যবহারের জন্য বিলাসবহুল জেট বিমান কেনার অভিযোগে তীব্র সমালোচনার মুখে পড়েছেন মার্কিন স্বরাষ্ট্রমন্ত্রী ক্রিস্টি নোয়েম। বিরোধী দল ডেমোক্র্যাটিক পার্টির এমপিরা তাঁর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলেছেন, এবং ইতোমধ্যে বিষয়টি নিয়ে আনুষ্ঠানিক তদন্ত শুরু হয়েছে। মার্কিন দৈনিক নিউইয়র্ক টাইমস গত শনিবার প্রকাশিত এক প্রতিবেদনে জানায়, ক্রিস্টি নোয়েম সম্প্রতি নিজের ও মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ কর্মকর্তাদের ব্যবহারের জন্য দুইটি গালফস্ট্রিম এ৭০০ মডেলের বিলাসবহুল জেট কেনার অনুমতি দেন। ইতোমধ্যে বিমান দুটি যুক্তরাষ্ট্রে এসে পৌঁছেছে। এই বিমান কেনায় ব্যয় হয়েছে ১৭ কোটি ২০ লাখ ডলার, যা সম্পূর্ণই সরকারি অর্থ থেকে পরিশোধ করা হয়েছে। প্রতিবেদনে দাবি করা হয়, বিমানগুলো মূলত

৩-এর পৃষ্ঠা দেখুন



## গাজায় হামাসকে কেন পুরোপুরি পরাস্ত করতে পারেনি ইসরাইল

সূর্যোদয় প্রতিবেদন

ইসরাইল বারবার ঘোষনা করেছেড়গাজায় হামাসকে নির্মূল করেই ছাড়বে। কিন্তু সামরিক অভিযানের সেই লক্ষ্য বাস্তবে অর্জন করা সম্ভব হয়নি; এমনই মন্তব্য করেছেন ব্রিটিশ গবেষক ডঃ এজীম ইবরাহিম,

৩-এর পৃষ্ঠা দেখুন

## সালমান শাহ হত্যা মামলায় নতুন করে আসামি ১১ জন

সূর্যোদয় প্রতিবেদন

জনপ্রিয় চিত্রনায়ক সালমান শাহ হত্যা মামলায় নতুন করে ১১ জনকে আসামি করে মামলা করা হয়েছে। মঙ্গলবার (২১ অক্টোবর) এ তথ্য নিশ্চিত করেছেন রমনা জোনের সহকারী পুলিশ কমিশনার (এসি) মো. মাজহারুল ইসলাম। তিনি জানান, মামলাটি এজাহার আকারে নথিভুক্ত হয়েছে। ঘটনাটি তদন্ত করে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এজাহারে আসামিদের মধ্যে রয়েছেন সালমান শাহর স্ত্রী সামিরা হক, ব্যবসায়ী আজিজ মোহাম্মদ ভাই, সালমান শাহর শ্বাশুড়ি লতিফা হক লুসি, চলচ্চিত্রের খলনায়ক ডনসহ

৩-এর পৃষ্ঠা দেখুন



## হাজার কোটি টাকার 'গরমিলে' আটকে শাহজালালের নতুন কার্গো ভিলেজ চালু

সূর্যোদয় প্রতিবেদন

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের নতুন কার্গো ভিলেজ চালু হতে যাচ্ছে না এক হাজার কোটি টাকার আর্থিক জটিলতায়। প্রকল্পের ঠিকাদারি প্রতিষ্ঠান দাবি করছে, বেবিচকের কাছে তাদের প্রায় এক হাজার কোটি টাকার বিল বকেয়া রয়েছে। তবে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) এই অঙ্কের সঙ্গে একমত নয়। টাকার এই 'গরমিল'-এর কারণেই এখন নতুন কার্গো ভিলেজটি ব্যবহারের অনিশ্চয়তা তৈরি হয়েছে। বিমানবন্দরের

৩-এর পৃষ্ঠা দেখুন

## যুব এশিয়ান গেমসে বাংলাদেশের প্রথম পদক

সূর্যোদয় প্রতিবেদন

যুব এশিয়ান গেমসে বাংলাদেশ প্রথম পদক জিতে ইতিহাস সৃষ্টি করেছে। নারী কাবাডি দলের সাহসী পারফরম্যান্সের জন্যই এবার দেশের নাম প্রথমবারের মতো পদক তালিকায় উঠেছে। আজ বাহরাইনের ঈসা স্পোর্টস সিটিতে শ্রীলঙ্কাকে ৪৭-৪০ পয়েন্টে হারিয়ে বাংলাদেশ ব্রোঞ্জ পদক নিশ্চিত করে। প্রথম তিন ম্যাচে হেরে গেলে বাংলাদেশকে পদক পেতে এই ম্যাচ জেতা অপরিহার্য ছিল। প্রতিপক্ষ শ্রীলঙ্কাও একই পরিস্থিতির মুখোমুখি ছিল। তবে মেয়েদের দৃঢ় মনোবল ও সমন্বিত খেলা শেষ পর্যন্ত ফলাফলে প্রতিফলিত হয়। প্রথমার্ধে বাংলাদেশ ২৫-

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর


যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## ল্যাপটপ অতিরিক্ত গরমে কি ক্ষতি

সূর্যোদয় প্রতিবেদন

বর্তমান ডিজিটাল যুগে অফিস, ক্লাস কিংবা ব্যক্তিগত কাজে প্রতিদিন ঘণ্টার পর ঘণ্টা ল্যাপটপ ব্যবহার করা এখন স্বাভাবিক ঘটনা। তবে অনেকেই জানেন না, ল্যাপটপ অতিরিক্ত গরম হয়ে গেলে তা শুধু যন্ত্রের ক্ষতি করে না, শরীরেরও নানা সমস্যা তৈরি করতে পারে। গরম ল্যাপটপ কোলে রেখে ব্যবহার করলে ত্বকে লালচে দাগ বা ফুসকুড়ি দেখা দিতে পারে। অতিরিক্ত তাপে ত্বকে জ্বালা, পোড়াভাব বা এমনকি চামড়া পুড়ে যাওয়ার ঘটনাও ঘটতে পারে। বিছানা বা সোফায় কাত হয়ে ল্যাপটপ ব্যবহার করলে শরীরের ভঙ্গি নষ্ট হয়। এতে ঘাড়, কোমর ও পিঠে ব্যথা দেখা দেয়। দীর্ঘদিন এভাবে কাজ করলে মেরুদণ্ডের স্থায়ী সমস্যা হতে পারে। গবেষণায় দেখা গেছে, দীর্ঘসময় কোলে গরম ল্যাপটপ রেখে কাজ করলে তাপমাত্রা বৃদ্ধি পায়, যা পুরুষদের স্পার্ম



কাউন্টে নেতিবাচক প্রভাব ফেলতে পারে। কীভাবে নিরাপদ থাকবেন ? ল্যাপটপ সবসময় টেবিলে রাখুন। প্রয়োজনে কুলিং ডেস্ক বা কুলিং প্যাড ব্যবহার করুন। কোলে

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



ডা: মো: শাহিনুর রশিদ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)

সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮

ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত্র ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।

রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বুধবার, ২২ অক্টোবর ২০২৫ ইং

## ভৈরব নদে তিন তরুণের মৃত্যু, অবহেলার দায় কার?

মেহেরপুরের ভৈরব নদ সোমবার গ্রাস করেছে তিন তরুণের তাজা প্রাণ। পিরোজপুর ও মুজিবনগরের রশিকপুর এলাকায় পৃথক দুটি ঘটনায় ঘটে এই মর্মান্তিক দুর্ঘটনা। স্রোতের টানে হারিয়ে যাওয়া কৌশিকের তানভীর ও মাহবুবের মরদেহ ফিরে এসেছে স্তব্ধ পরিবারের কোলে।

এমন ঘটনা নতুন নয়। প্রতি বছর বর্ষা বা গ্রীষ্মে দেশের নানা প্রান্তে নদী, খাল কিংবা পুকুরে ডুবে প্রাণ হারায় অসংখ্য শিশু ও তরুণ। সাঁতার না জানা, অসচেতনতা এবং নিরাপত্তাহীন পরিবেশই এসব দুর্ঘটনার প্রধান কারণ। কিন্তু প্রশ্ন হলো এই দুর্ঘটনাগুলো কি সত্যিই "দুর্ভাগ্যজনিত", নাকি আমাদের সামাজিক ও প্রশাসনিক অবহেলার ফল? নদীর তীরবর্তী এলাকাগুলোতে কোনো সতর্কতামূলক সাইনবোর্ড নেই, নেই নিরাপদ স্নানের নির্ধারিত স্থান বা লাইফগার্ড ব্যবস্থাও। পরিবার ও স্থানীয় প্রশাসন উভয়ের পক্ষেই তরুণদের নিরাপত্তা বিষয়ে সচেতনতা তৈরি করার কোনো বাস্তব পদক্ষেপ দেখা যায় না। ফলে একটু অসতর্কতাই কেড়ে নিচ্ছে ফুলের মতো তরুণ প্রাণ। ভৈরব নদ শুধু তিনটি জীবনই কেড়ে নেয়নি, নিভিয়ে দিয়েছে তিনটি পরিবারের ভবিষ্যৎ স্বপ্নও। তানভীর, মাহবুব ও কৌশিক তারা কারও সন্তান, কারও সহপাঠী, কারও প্রিয় বন্ধু। তাদের আকস্মিক মৃত্যু আমাদের আবারও মনে করিয়ে দেয় সচেতনতার ঘাটতি কখনও কখনও মৃত্যুর কারণ হয়ে দাঁড়ায়। এখনই সময় স্থানীয় প্রশাসন, শিক্ষা প্রতিষ্ঠান ও সমাজের সবাইকে একসাথে এগিয়ে আসার। নদী বা জলাশয়ের পাশে সতর্কতামূলক চিহ্ন স্থাপন, স্কুল-কলেজে সাঁতারের প্রশিক্ষণ কার্যক্রম চালু এবং অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি এখন সময়ের দাবি। প্রশাসনের দায়িত্ব শুধু মরদেহ উদ্ধারে সীমাবদ্ধ থাকলে চলবে না, জীবন রক্ষার বাস্তব উদ্যোগ নিতে হবে। যেন আগামীতে কোনো নদীর স্রোত এভাবে আর কোনো তরুণ স্বপ্নকে গ্রাস না করে।

## উচ্চফলনশীল ধান: টেকসই ও লাভজনক চাষের নতুন পথ

রাবেয়া বসরী অন্তরা



বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) সম্প্রতি এমন কিছু ধানের জাত উদ্ভাবন করেছে যেগুলো উচ্চফলনশীল এবং তুলনামূলকভাবে খরা সহনশীল। এর মধ্যে বিনা-১৯ ও বিনা-২১ বর্তমানে কৃষকদের মধ্যে বেশ পরিচিতি পাচ্ছে। বিনাধান-১৯ মূলত বোরো মৌসুমের ধান যা মাঝারি খরা সহ্য করতে পারে এবং কম পানিতেও ভালো ফলন দেয়। প্রতি হেক্টরে গড়ে প্রায় ৫ থেকে ৫.৫ টন ধানের উৎপাদন দিতে সক্ষম। অন্যদিকে বিনাধান-২১ মূলত আউশ মৌসুমে চাষযোগ্য, যার গড় ফলন প্রায় ৪.৫ টন থেকে ৫ টন প্রতি হেক্টর। এই ধানগুলোর অন্যতম বৈশিষ্ট হলো কম সেচ ও মাঝারি সার ব্যবহার করেও স্থিথিশীল ফলন পাওয়া যায়। বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট জানিয়েছে যে এই ধানগুলোর বৃদ্ধি সময়ও তুলনামূলকভাবে কম, কারণ বিনাধান-১৯ কাটতে সময় লাগে প্রায় ১৪৫ থেকে ১৫০ দিন। আবার অন্যদিকে বিনাধান-২১ প্রায় ১১০ থেকে ১১৫ দিনের মধ্যে ফসল দেয়। এর ফলে একই জমিতে বছরে একাধিক ফসল চাষ করা সম্ভব। এসব ধান কিছু সাধারণ রোগের প্রতিরোধে ভালো মানের সহনশীলতা দেখিয়েছে। রাজশাহী অঞ্চলের বারিন্দ এলাকায় এই ধান চাষ করে ইতিমধ্যে ভালো ফলন পাওয়া গেছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে এই তথ্য পাওয়া গেছে যে, এই ধানগুলো খরা প্রবণ এলাকায় চাষের জন্য উপযোগী হতে পারে। বিশেষ ভাবে যেখানে সেচের সুযোগ সীমিত। এই ধান আবার চাষের জন্যও কিন্তু খুব বেশি পরিবর্তনেরও দরকার হয় না। কারণ সাধারণ ধান চাষের মতোই জমি প্রস্তুত করে বীজ বপন করা যায়। তবে ভালো ফলনের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরামর্শ নেওয়া খুবই গুরুত্বপূর্ণ। তারা সঠিক সময়ে বীজ বপন, সার ব্যবস্থাপনা এবং রোগ নিয়ন্ত্রণ সম্পর্কে সঠিক দিকনির্দেশনা দিতে পারে। মেহেরপুর জেলার অনেক এলাকাই খড়া প্রবণ। যদিও এখনো সরাসরি এই ধান চাষের তথ্য মেহেরপুরে পাওয়া যায়নি, তবে রাজশাহীর অঞ্চলের অভিজ্ঞতা থেকে বলা যেতে পারে যে- মেহেরপুরেও এই ধান পরীক্ষামূলকভাবে চাষ করা যায়। বিশেষ করে গাংনী, মুজিবনগর ও সদর উপজেলার কিছু এলাকায় এই ধান ভালো ফলন দিতে পারবে বলে ধারণা করা যায়। এক্ষেত্রে মেহেরপুরের চাষিদের জন্য পরামর্শ হলো এই নতুন ধান চাষে তারা আগ্রহী হলে- কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরামর্শ গ্রহণ করা, নতুন প্রযুক্তি সম্পর্কিত তথ্য জানার জন্য প্রশিক্ষণে অংশগ্রহণ করা এবং উচ্চফলন পাওয়া গেলে চালের বাজারজাতকরণ সম্পর্কে আগাম পরিকল্পনা গ্রহণ করা। এতে করে শুধু উৎপাদন বাড়বে না, বরং কৃষকের আয়ও বৃদ্ধি পাবে। এই নতুন ধান চাষ একদিকে যেমন স্থানীয় কৃষকদের আয় বৃদ্ধি করতে সাহায্য করতে পারে আবার অন্যদিকে তেমনই খড়াপ্রবণ অঞ্চলে নিরাপদ, টেকসই ও লাভজনক কৃষির সম্ভাবনা অনেকটাই উজ্জল হয়ে উঠতে পারে। (বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

## লজ্জা: ইমানের সৌন্দর্য ও নৈতিকতার প্রাচীর

রফিকুল ইসলাম

চরিত্রের এক অনন্য ও স্বভাবজাত গুণ হলো লজ্জা। এই গুণ মানুষকে পশুত্বের স্তর থেকে পৃথক করে মনুষ্যত্বের মর্যাদায় প্রতিষ্ঠিত করে। লজ্জা কেবল সামাজিক শালীনতার প্রকাশ নয়, বরং এটি ইসলামের দৃষ্টিতে ইমানের অপরিহার্য অংশ। নবী করিম (সা.) ঘোষণা করেছেন, "লজ্জা ইমানের একটি বিশেষ শাখা।" (সহিহ্ বুখারি)। অর্থাৎ যার অন্তরে লজ্জাবোধ আছে, সে নিজেকে সর্বদা নৈতিক সীমার মধ্যে রাখার চেষ্টা করে। এই অভ্যন্তরীণ জবাবদিহির বোধই মানুষকে পাপ ও অন্যায় কাজ থেকে বিরত রাখে। যখন মানুষ লজ্জাবোধ হারায়, তখন শুরু হয় তার নৈতিক পতন। কারণ লজ্জাহীন ব্যক্তি পাপকাজে জড়াতে দ্বিধাবোধ করে না। নবীজি (সা.) সতর্ক করে বলেছেন "যখন তুমি নির্লজ্জ হয়ে পড়বে, তখন যা ইচ্ছা তা-ই করো।" (সহিহ্ বুখারি)। এটি কোনো অনুমতি নয়, বরং একটি হুঁশিয়ারি লজ্জাহীনতা মানুষকে সকল অন্যায় ও অশ্লীলতার দিকে ঠেলে দেয়। আর লজ্জাশীলতা ইমানের সৌন্দর্য বৃদ্ধি করে এবং মানুষকে জান্নাতের পথে নিয়ে যায়। রাসুলুল্লাহ (সা.) বলেছেন, "লজ্জা ইমানের অঙ্গ, আর ইমানদারের স্থান জান্নাত; লজ্জাহীনতা দুশ্চরিত্রের অঙ্গ, আর দুশ্চরিত্রের স্থান জাহান্নাম।" (জামে তিরমিজি)। লজ্জা আসলে একটি আত্মিক নিয়ন্ত্রণশক্তি, যা মানুষকে শালীনতা, সততা ও ঈমানের পথে রাখে। তাই সমাজে নৈতিকতা টিকিয়ে রাখতে হলে ব্যক্তিজীবনে লজ্জাবোধকে জাগ্রত রাখাই আমাদের প্রথম দায়িত্ব।

## স্বাভাবিক প্রসবে উৎসাহ দিতে নতুন

(প্রথম পৃষ্টার পর)

শিশুর মাকে বিভিন্ন উপহার সামগ্রী প্রদান করেন। এ সময় জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম বলেন, "এখন থেকে সরকারি হাসপাতালে যে মায়েরা নরমাল ডেলিভারি করবেন, তাঁদের পুরস্কৃত করা হবে। এতে স্বাভাবিক প্রসবের হার বাড়বে এবং মা-শিশুর স্বাস্থ্য আরও সুরক্ষিত থাকবে।" পরে নবজাতকের হাতে (অভিভাবকের মাধ্যমে) তাৎক্ষণিকভাবে জন্ম নিবন্ধনের সনদ হস্তান্তর করেন জেলা প্রশাসক। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপপরিচালক আব্দুস সাত্তার, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আঞ্জুমান আর, সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা. রুমানা হেলালি জুশি প্রমুখ। নরমাল ডেলিভারিতে উৎসাহ দিতে এবং সরকারি স্বাস্থ্যসেবার প্রতি জনগণের আস্থা বাড়াতে এ উদ্যোগের প্রশংসা করেছেন স্থানীয় স্বাস্থ্যকর্মীরা।

## মেহেরপুরে জামায়ের টাকার জিম্মাদার

(প্রথম পৃষ্টার পর)

জেলহাজতে প্রেরণ করেছে পুলিশ। উল্লেখ্য, একই আদালত গত ২৯ সেপ্টেম্বর এই মামলার অপর দুই আসামি হাবিবুর রহমানের জামাতা জায়েদ হোসেন জিমকে দুই বছর ও মায়ের দোয়া বস্ত্রালয় অ্যান্ড গার্মেন্টসের স্বত্বাধিকারী সোহেল রানাকে এক বছরের কারাদণ্ড দেন।

## সিদ্ধান্ত নিতে হয়েছে প্রধান উপদেষ্টা

(প্রথম পৃষ্টার পর)

এমপিওভুক্ত শিক্ষককর্মচারীদের দাবি নিয়ে গত কয়েকদিন ধারাবাহিকভাবে বিভিন্ন উপদেষ্টার সঙ্গে বৈঠক করেছেন প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস। তাদের মধ্যে ছিলেন শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. সি আর আবরার, অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ ও পরিকল্পনা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ।

প্রধান উপদেষ্টা বলেন, 'অন্তর্বর্তীকালীন সরকার বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষকুকর্মচারীদের দাবি যৌক্তিক বলে মনে করে। তবে বাস্তবতা হলো, ১৫ বছরের সীমাহীন দুর্নীতি ও লুটপাটে বিধ্বস্ত বাংলাদেশের অর্থনীতি অন্তর্বর্তীকালীন সরকার দায়িত্ব গ্রহণের পর গতিশীল হলেও এখনই মূল বেতনের ২০ শতাংশ বাড়িভাড়া বৃদ্ধির মতো সামর্থ্যে অর্থনীতিতে ফেরেনি। তাই সরকারকে বাস্তবতার নিরিখে এ সিদ্ধান্ত নিতে হয়েছে।'

প্রধান উপদেষ্টা শিক্ষা উপদেষ্টা অধ্যাপক সি আর আবরারসহ সংশ্লিষ্ট সকলকে তাদের অক্লান্ত পরিশ্রমের জন্য বিশেষভাবে ধন্যবাদ জানিয়েছেন। প্রধান উপদেষ্টা আশা প্রকাশ করেন, আন্দোলনরত শিক্ষকরা নবউদ্যমে শ্রেণিকক্ষে ফিরবেন, ভবিষ্যৎ প্রজন্মকে গড়ে তুলতে অবদান রাখবেন।

## এমপিওভুক্ত শিক্ষকদের বাড়ি ভাড়া

(প্রথম পৃষ্টার পর)

শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়ি ভাড়া ভাতা বৃদ্ধিতে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হয়েছে।

সরকারের বিদ্যমান বাজেট সীমাবদ্ধতা বিবেচনায় নিয়ে আগামী ১ নভেম্বর থেকে বাড়ি ভাড়া ভাতা মূল বেতনের ৭.৫ শতাংশ হারে (সর্বনিম্ন ২,০০০ টাকা) এবং ২০২৬ সালের ১ জুলাই থেকে অতিরিক্ত আরও ৭.৫ শতাংশসহ মোট ১৫ শতাংশ হারে (সর্বনিম্ন ২,০০০ টাকা) নির্ধারণ করা হয়েছে।

শর্ত হিসেবে বলা হয়েছে, পরবর্তী বেতনস্কেলে বর্ণিত অতিরিক্ত সুবিধাটি সমন্বয় করতে হবে। এমপিওভুক্ত 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১', 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত)', 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (ভোকেশনাল, ব্যবসায় ব্যবস্থাপনা, কৃষি ডিপ্লোমা ও মৎস্য ডিপ্লোমা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত)' এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/আদেশ/পরিপত্র/নীতিমালা অনুসরণপূর্বক নিয়োগের শর্তাদি পালন করতে হবে।

চিঠিতে আরও বলা হয়েছে, বাড়ি ভাড়া ভাতা বৃদ্ধির ক্ষেত্রে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা কোনো বকেয়া পাবেন না। ভাতা প্রদানের ক্ষেত্রে সকল আর্থিক বিধি-বিধান অবশ্যই অনুসরণ করতে হবে। ভবিষ্যতে এ সংক্রান্ত ব্যয়ে কোনো অনিয়ম দেখা দিলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জিও (সরকারি আদেশ) জারি করে তার চারটি কপি অর্থ বিভাগে পৃষ্ঠাংকনের জন্য পাঠাতে হবে।

বিগত ১৬ অক্টোবর অর্থ বিভাগের প্রবিধি-৩ শাখা হতে ২৬০ নম্বর স্মারকে জারিকৃত পত্রটি এতদ্বারা বাতিল করা হয়েছে।

এ বিষয়ে শিক্ষা উপদেষ্টা সি আর আবরার বলেন, "শিক্ষক-কর্মচারীদের দীর্ঘদিনের দাবি পূরণে আজকের এই মুহূর্তটি শিক্ষা বিভাগের জন্য ঐতিহাসিক। শিক্ষক সমাজের ন্যায্য প্রাপ্য নিশ্চিত করতে পেরে আমি নিজেকে সৌভাগ্যবান মনে করছি।"

তিনি আরও বলেন, "এই সিদ্ধান্ত বাস্তবায়নের পথ সহজ ছিল না। নানা মতভেদ, বিতর্ক ও চ্যালেঞ্জ সত্ত্বেও শিক্ষা মন্ত্রণালয় দায়িত্বশীলভাবে একটি ন্যায্য ও টেকসই সমাধানের লক্ষ্যে কাজ করেছে।"

শিক্ষা উপদেষ্টা আশাবাদ ব্যক্ত করেন, "পারস্পরিক শ্রদ্ধা ও গুণগত মানসম্পন্ন শিক্ষার বিস্তারের মাধ্যমে আমরা বাংলাদেশকে আরও মর্যাদাসম্পন্ন অবস্থানে নিয়ে যেতে পারব।

## শিশু পরিবারের ক্রীড়া প্রতিযোগিতা

(প্রথম পৃষ্টার পর)

কুচকাজ প্রদর্শন করেন, যা জেলা প্রশাসক গ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে শিশু পরিবারের কর্মকর্তা তৌফিকুল ইসলাম এবং প্রবেশন কর্মকর্তা মিজানুর রহমানসহ অনেকে উপস্থিত ছিলেন। পরে জেলা প্রশাসক শিশু পরিবার চত্বরে একটি গাছের চারা রোপণ করেন। বিকেলে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শিশু পরিবারের উপ তত্ত্বাবধায়ক তৌফিকুর রহমান বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।"

## কাথুলীতে প্রতিবন্ধীদের মাঝে

(প্রথম পৃষ্টার পর)

যুগ্ম সাধারণ সম্পাদক হাসিব আল শিপন, কাথুলী ইউনিয়ন ছাত্রদলের নেতৃবৃন্দসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের অন্যান্য নেতাকর্মীরা। হুইলচেয়ার পেয়ে আনন্দ প্রকাশ করে উপকারভোগীরা বলেন, "আমরা চলাচলে কষ্ট পাই। ইমনের ভাইয়ের এই সহযোগিতায় এখন কিছুটা স্বস্তি পাব।" রেজওয়ানুল হক ইমন জানান, সমাজের সুবিধাবঞ্চিত ও প্রতিবন্ধী মানুষদের পাশে দাঁড়ানো তার সামাজিক দায়বদ্ধতার অংশ। তিনি ভবিষ্যতেও এই সহযোগিতা অব্যাহত রাখার প্রতিশ্রুতি দেন।

## সাপের কামড়ে শিশুর মৃত্যু

(প্রথম পৃষ্টার পর)

অবনতি ঘটলে কর্তব্যরত চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে। রাজশাহী নেবার সময় পথি মধ্যে আলিফের মৃত্যু হয়। মৃত আলিফ খোকসা গ্রামের সৌদি প্রবাসী মানিক হোসেনের ছেলে ও খোকসা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থী।

## প্লাস্টিক ব্যবহারে দুই ব্যবসায়ীকে

(প্রথম পৃষ্টার পর)

ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাবিদ হোসেন। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, গাংনী বাজারের চাউল ব্যবসায়ী কাবরান আলী ও হারুন-আর-রশিদ পাটজাত মোড়ক ব্যবহার না করে অবৈধভাবে প্লাস্টিক ব্যাগে চাল বিক্রি করছিলেন। এ সময় 'পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০'-এর ৪ ধারার লঙ্ঘনের দায়ে তাদের প্রত্যেককে ৪ হাজার টাকা করে মোট ৮ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পাট অফিসার হারুন-আর-রশিদ, গাংনী থানা পুলিশের একটি টিম ও প্রশাসনের অন্যান্য কর্মকর্তারা। এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) নাবিদ হোসেন বলেন, "পরিবেশ ও কৃষকের স্বার্থ রক্ষায় পাটজাত মোড়কের ব্যবহার নিশ্চিত করতে আমরা কঠোর অবস্থানে আছি। ভবিষ্যতেও এ ধরনের অভিযান নিয়মিত চলবে।"

## শোলমারি ইয়ং স্টার ফুটবলে

(প্রথম পৃষ্টার পর)

সাকবর আলি, জুলফিকার আলী ভুট্টো এবং উসনাই উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

## ডিঙ্গেদহে বিষাক্ত স্পিরিট কাণ্ড

(প্রথম পৃষ্টার পর)

জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নূরুল হুদা মনির উপস্থিতিতে মরদেহ উত্তোলনের কাজ সম্পন্ন হয়। উত্তোলিত চারজন হলেন চুয়াডাঙ্গা সদর উপজেলার পিরোজখালি গ্রামের লাল্টু হোসেন, খেজুরা গ্রামের সেলিম (৪৫), নফরকান্দি গ্রামের খেদের আলী (৫০) এবং শংকরচন্দ্র গ্রামের শহিদুল মোল্লা। এর আগে গত ৯ অক্টোবর দিবাগত রাতে ডিঙ্গেদহ বাজার এলাকায় কয়েকজন একসঙ্গে বিষাক্ত স্পিরিট (অ্যালকোহল) পান করেন। পরদিন তারা সবাই অসুস্থ হয়ে পড়েন এবং একে একে ছয়জনের মৃত্যু হয়। ১২ অক্টোবর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আরও একজন মারা গেলে বিষয়টি প্রকাশ্যে আসে। পরে দুজনের মরদেহের ময়নাতদন্ত সম্পন্ন হলেও বাকি চারজনকে তাদের পরিবারের সদস্যরা গোপনে দাফন করেন। সদর থানার পরিদর্শক (অপারেশন) ও মামলার তদন্ত কর্মকর্তা হোসেন আলী জানান, "গত ১৩ অক্টোবর নিহত লাল্টুর ভাই রাকিব বাদী হয়ে একটি মামলা দায়ের করেন। মামলায় উল্লেখ করা হয়, মামলা দায়েরের আগেই নিহত চারজনকে গোপনে দাফন করা হয়েছিল। এরপর ১৫ অক্টোবর আমরা আদালতে মরদেহ উত্তোলনের আবেদন করি। আদালত ১৬ অক্টোবর মরদেহ উত্তোলনের নির্দেশ দেন এবং জেলা প্রশাসনের মাধ্যমে একজন ম্যাজিস্ট্রেট নিয়োগের আদেশ দেন।" তিনি আরও বলেন, "আদালতের নির্দেশনা অনুযায়ী আজ চারজনের মরদেহ কবর থেকে উত্তোলন করে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পেলে পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।" এদিকে, ঘটনার সঙ্গে হোমিওপ্যাথি চিকিৎসায় ব্যবহৃত বিষাক্ত স্পিরিটের যোগসূত্র পাওয়া গেছে বলে জানিয়েছে পুলিশ। তদন্তে জানা গেছে, লাইসেন্স বিহীন ভাবে অ্যালকোহল বিক্রি ও সরবরাহের সঙ্গে স্থানীয় একটি চক্র জড়িত। মামলা দায়েরের পর চুয়াডাঙ্গা জেলা পুলিশ অভিযান চালিয়ে ঝিনাইদহ থেকে মূল আসামি ফারুক আহমেদ ওরফে 'এ্যালকো ফারুক' (৪০) ও তার সহযোগী জুমাত আলী (৪৬)-কে গ্রেফতার করে। তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ১১৭ বোতল স্পিরিট। জিজ্ঞাসাবাদে ফারুক স্বীকার করেছেন, তিনি দীর্ঘদিন ধরে হোমিও চিকিৎসার আড়ালে বিষাক্ত স্পিরিট ও মেয়াদোত্তীর্ণ অ্যালকোহল বিক্রি করে আসছিলেন এবং চুয়াডাঙ্গার বিভিন্ন এলাকায় তা সরবরাহ করতেন। সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নূরুল হুদা মনির বলেন, "আদালতের নির্দেশনা অনুযায়ী দায়িত্ব পালন করেছি। আমার উপস্থিতিতে চারজনের মরদেহ উত্তোলনের পর ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।"

## কার্যকর স্বাক্ষরতা ও কর্মদক্ষতা

(প্রথম পৃষ্টার পর)

অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম এবং জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন।

## আওয়ামী লীগ সচল নাকি নিষিদ্ধ হবে

(প্রথম পৃষ্টার পর)

চাওয়ার প্রস্তাব মামার বাড়ির আবদারের মতো। জাতীয় নির্বাচনের দিনই যদি গণভোট নেওয়া যায়, তাহলে অতিরিক্ত খরচ ও সময় সাশ্রয় হবে। তবে গণভোটের বিষয়গুলো আরও স্পষ্ট করা উচিতড়কোন সংস্কার আনা হবে, তা জনগণকে জানাতে হবে।"

তিনি বলেন, "একই দিনে জাতীয় নির্বাচন ও গণভোট আয়োজন করলে প্রশাসনিক কার্যক্রমে সুবিধা হবে, তবে জনগণকে আগে জানাতে হবে ঠিক কোন বিষয়ে ভোট নেওয়া হচ্ছে।" বিএনপির এই মুখপাত্র বলেন, "শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র সংসদ নির্বাচনে জিতলেই জাতীয় নির্বাচনে জেতা যাবেড়এটা ভুল ধারণা। রাজনীতিতে আত্মতুষ্টি আত্মঘাতী সিদ্ধান্ত হতে পারে, যেমনটা জামায়াতে ইসলামীর ক্ষেত্রেও দেখা গেছে।" নির্বাচন নিয়ে রিজভী বলেন, "নির্বাচন কোনো রাজনৈতিক দলের অধীনে নয়, সরকারের অধীনেই অনুষ্ঠিত হয়। তাই এই নির্বাচন নিয়ে জনগণের মধ্যে কোনো সংশয় নেই। বরং, অন্তর্বর্তী সরকারের অধীনেই একটি সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচন সম্ভব বলে সাধারণ মানুষের মধ্যে আস্থা তৈরি হয়েছে।" দলের নেতাকর্মীদের উদ্দেশে রিজভী আহ্বান জানান, "যেকোনো উসকানিতে সংযম ও ধৈর্য ধারণ করতে হবে। আমাদের আন্দোলন হবে শান্তিপূর্ণ ও আইনত পথে। অরাজকতা নয়, গণতান্ত্রিক ধারার মধ্য দিয়েই পরিবর্তন আসবে।"

## আদালতের নির্দেশে চিৎলা মাধ্যমিকে

(প্রথম পৃষ্টার পর)

আদালতের নির্দেশ মেনে ভোট বন্ধ করা হয়েছে। আশা করি আদালত ন্যায়বিচার করবেন।" বাদী পক্ষের ধানখোলা ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি নুরুল হুদা বলেন, "নির্বাচনে শুরু থেকেই অনিয়ম ছিল। আদালত আমাদের অভিযোগ আমলে নিয়েছেন। এখন তদন্তের মাধ্যমে সত্য প্রকাশ পাবে।" সকাল ১০টা থেকে শুরু হওয়া ভোটে তিনটি প্যানেলের মোট ১৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছিলেন। দুপুর ১টা পর্যন্ত ভোটগ্রহণ চললেও আদালতের নির্দেশ পৌঁছার সঙ্গে সঙ্গে তা বন্ধকরে দেওয়া হয়।

## গাংনী ও মুজিবনগরে শিক্ষক-

(প্রথম পৃষ্টার পর)

বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন, গাংনী উপজেলা শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির সভাপতি সৈয়দ জাকির হোসেন, সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান বাবলু, ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোকনুজ্জামান মোকাদ্দেস, রাইপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক মিজানুর রহমান, ডিজিএমসি মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক রফিকুল ইসলাম ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক হাসান আল নুরান। মুজিবনগর : মুজিবনগর শিক্ষা পরিবারের পক্ষ থেকে এমপিওভুক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষকদের জন্য ২০% বাড়ি ভাড়া, ১৫০০ টাকা চিকিৎসা ভাতা এবং কর্মচারীদের ৭৫% উৎসব ভাতা বৃদ্ধির দাবিতে দুপুরে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে প্রধান শিক্ষক জহিরুল ইসলাম, আজিজুল হক, আনারুল ইসলাম, সহকারী শিক্ষক বায়েজিদ, খান জাহান আলী, ফিরাতুল ইসলাম ও মোশারেফ হোসেন বক্তব্য রাখেন।

## মেহেরপুরে চার জনের কারাদণ্ড

(প্রথম পৃষ্টার পর)

শত্রুতার জের ধরে পূর্বপরিকল্পিতভাবে অস্ত্রশস্ত্র (রামদা, হাসুয়া, হাতুড়ী, লোহার রড, কাঠের বাটাম) নিয়ে বাদীর পিতার বসতবাড়িতে অনধিকারভাবে প্রবেশ করে। তারা গালিগালাজ ও হামলা চালায়। বাদীর পিতা মোঃ ছাবের আলী প্রতিবাদ করলে, মোঃ ইদ্রিস আলীর নির্দেশে লাল মিয়ার হাতে থাকা রামদা দ্বারা তাকে মাথায় কোপ মারা হয়। এছাড়া হাসুয়া ও লোহার রড দিয়ে বাদীর মা মোছাঃ জোরিনা খাতুন এবং ভাই মোঃ জহিরুল ইসলাম-কে গুরুতর জখম করে। মামলাই সাক্ষীদের সাক্ষ গ্রহন শেষে দন্ডবিধির ৩২৫ ও ৩২৩ ধারায় ধারায় দোষী সাব্যস্ত প্রমান হওয়ায় আদালত এ রায় দেন।

## গাংনীতে সড়ক দুর্ঘটনায় নারী নিহত

(প্রথম পৃষ্টার পর)

গাংনী উপজেলার বাদিয়াপাড়া গ্রামের আরিফুল ইসলাম গনির স্ত্রী। আহতরা হলেন সুমীর পুত্র নিরব হোসেন (১০), পারভীনা খাতুন (২৭) এবং পারভীনার পুত্র রনি (৯)। স্থানীয়রা জানান, সুমী ও তার পরিবার ডাক্তারের সাথে চিকিৎসা নিয়ে কুষ্টিয়া থেকে মেহেরপুরের দিকে একটি সিএনজিতে ফিরছিলেন। পথিমধ্যে শুকুরকান্দি এলাকায় বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক সিএনজিকে ধাক্কা দেয়। এতে সিএনজির চালকসহ ৪ জন আহত হন। আহতদের প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। পরে সুমীর শারীরিক অবস্থার অবনতি হলে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়। সেখানে পৌঁছানোর পরপরই তিনি মারা যান। বর্তমানে তাঁর মরদেহ কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে রয়েছে। নিহতের নিকট আত্মীয় আরাফাত হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

## ওয়ানডেতে নতুন ইতিহাস গড়েছে ওয়েস্ট ইন্ডিজ

সূর্যোদয় প্রতিবেদন

মিরপুরের শের-ই বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে বাংলাদেশ-ওয়েস্ট ইন্ডিজ দ্বিতীয় ওয়ানডেতে নতুন ইতিহাস গড়েছে ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট দল। টস জিতে ফিল্ডিং নেওয়া ওয়েস্ট ইন্ডিজ পুরো ৫০ ওভারই স্পিনারদের দিয়ে বল করিয়েছে ওয়ানডেতে এটি প্রথমবারের মতো ঘটল। ম্যাচের প্রথম পাঁচ বোলারই স্পিনার ছিলেন। দুই পেসার জাস্টিন গ্রিভস ও শেরফান রাদারফোর্ড এক ওভারও বল করার সুযোগ পাননি। এর আগে ওয়ানডেতে কোনো দল পুরো ইনিংসই শুধুই স্পিন বোলিং করায়নি। এছাড়া, আইসিসির পূর্ণ সদস্য কোনো দলের বিপক্ষে এমন নজিরও এর আগে দেখা যায়নি। মিরপুরের পিচ বরাবরই স্পিন সহায়ক হিসেবে পরিচিত। যদিও বিশ্বখ্যাত কিউরেটর টনি হেমিং পিচের উন্নয়ন করেছিলেন, এর ফলে এতটা স্পিনপ্রধান আচরণ আশা করা হয়নি। সিরিজের প্রথম ওয়ানডেতেই বোঝা গিয়েছিল পিচ আগের চেয়ে বেশি স্পিনবান্ধব, আর দ্বিতীয় ম্যাচে তা আরও প্রকটভাবে দেখা গেছে। স্পিনের আধিপত্য বুঝে আগের দিন (২০ অক্টোবর) বাংলাদেশ দলের ব্যাটসম্যানরা ছোট ব্যাট দিয়ে স্পিন অনুশীলন করেছে। দুই দলই আজকের একাদশে চারজন মূল স্পিনার রেখেছিল, সঙ্গে একজন করে পার্ট টাইম স্পিনারও মাঠে ছিলেন। বাংলাদেশের জন্যও চার স্পিনার নিয়ে খেলায় মাঠে নামা ছিল পুরনো স্মৃতি ফিরিয়ে আনার মতো। সর্বশেষ ২০২২ সালে গায়ানার প্রভিডেন্সে বাংলাদেশ একই কৌশল নিয়েছিল। সেই ম্যাচে স্পিনে বিধ্বস্ত হয়ে ওয়েস্ট ইন্ডিজ ১৬৮ রানে অলআউট হয়েছিল। বাংলাদেশ জয়ী হয়েছিল ৪ উইকেট ও ৯ বল হাতে রেখে, যেখানে তাইজুল ইসলামের ৫ উইকেটের অবদান । খেলাই বাংলাদেশ ৭ উইকেটে ২১৩ রান করে। জবাবে ওয়েস্ট ইন্ডিজ নির্ধারিত ৫০ ওভাওে ৯ উইকেট হারিয়ে ২১৩ রান তোলে। ফলে খেলা গড়াই সুপার ওভারে।

## চুক্তির মেয়াদ শেষ, ইরান এখন 'সীমাহীন' পথে

সূর্যোদয় প্রতিবেদন

১৮ অক্টোবর ইরানের জন্য ছিল এক ঐতিহাসিক দিন। এ দিন দেশটির পররাষ্ট্রমন্ত্রী ঘোষণা করেন, যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা বিশ্বের ছয় শক্তিধর দেশের সঙ্গে পরমাণু কর্মসূচি নিয়ন্ত্রণে রাখার যে চুক্তি ছিল, সেটির মেয়াদ শেষ হয়েছে। চুক্তি নবায়ন না হওয়ায় এখন ইরান কোনো আন্তর্জাতিক সীমাবদ্ধতার অধীনে নেই। দেশটি দিনটিকে ঘোষণা করেছে 'অবসানের দিন' হিসেবে। এই ঘোষণার মধ্য দিয়ে কার্যত ইরান তাদের পারমাণবিক কর্মসূচিতে পূর্ণ স্বাধীনতা পেল। ফলে প্রশ্ন উঠেছেড়এই 'সীমাবদ্ধতামুক্ত' অবস্থার পর ইরান এখন কী করবে, আর পশ্চিমা শক্তিধররা কীভাবে প্রতিক্রিয়া দেখাবে। ২০১৫ সালে ইরান ও ছয় পরাশক্তিড়যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া, চীন ও জার্মানিড়স্বাক্ষর করেছিল জয়েন্ট কম্প্রিহেনসিভ প্ল্যান অব অ্যাকশন (জেসিপিওএ) নামের ঐতিহাসিক চুক্তি। এর লক্ষ্য ছিল, ইরান যেন পারমাণবিক অস্ত্র তৈরি না করতে পারে তা নিশ্চিত করা। চুক্তি অনুযায়ী, ইরানের পরমাণু সমৃদ্ধকরণ একটি নির্দিষ্ট সীমার মধ্যে থাকবে এবং তাদের সেন্ট্রিফিউজের সংখ্যাও কমিয়ে আনতে হবে। এ ছাড়া আন্তর্জাতিক পরমাণু শক্তি কমিশন (আইএইএ)কে ইরানের পারমাণবিক স্থাপনা পরিদর্শনের অনুমতিও দেওয়া হয়। তবে ২০১৮ সালে যুক্তরাষ্ট্র একতরফাভাবে চুক্তি থেকে সরে দাঁড়ায়, যা আন্তর্জাতিক অঙ্গনে ব্যাপক সমালোচনার জন্ম দেয়। চুক্তির মেয়াদ শেষ হওয়ার পর ইরানের পক্ষ থেকে জানানো হয়েছে, তাদের পরমাণু কর্মসূচি সম্পূর্ণ শান্তিপূর্ণ উদ্দেশ্যে পরিচালিত হবে। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, "জেসিপিওএ চুক্তির আওতায় থাকা সব বাধা এখন সরে গেছে।" জাতিসংঘে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি বলেন, "আমরা সব শর্ত মেনে চলেছি, কিন্তু যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক আইন ভঙ্গ করেছে। এখন ইরান নিজস্ব স্বার্থে স্বাধীনভাবে কাজ করবে।" ইরানের পরমাণু কর্মসূচি নিয়ে সবচেয়ে সরব প্রতিদ্বন্দ্বী দেশ ইসরায়েল। চলতি বছরের ১৩ থেকে ২৫ জুন পর্যন্ত দুই দেশের মধ্যে টানা ১২ দিনের সংঘাত হয়। ওই সময় ইসরায়েল একাধিক ইরানি স্থাপনায় বিমান হামলা চালায়। বিশ্লেষকদের মতে, জেসিপিওএর মেয়াদ শেষ হওয়ায় ইরান এখন দ্রুত পরমাণু সমৃদ্ধকরণ বাড়াতে পারে, যা ইসরায়েলসহ পশ্চিমা দেশগুলোকে আরও উদ্বিগ্ন করবে। চুক্তির অবসানের পরপরই রাশিয়া ইরানের প্রতি সমর্থনের বার্তা দিয়েছে। ক্রেমলিন সূত্রের বরাত দিয়ে বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, মস্কো ইরানকে "সব ধরনের সহযোগিতা" দেওয়ার প্রস্তুতি নিচ্ছে। রাশিয়া বলছে, ইরানের বিরুদ্ধে কোনো ধরনের নিষেধাজ্ঞা বা চাপ প্রয়োগের বদলে "আন্তর্জাতিক সংলাপের মাধ্যমে" সমাধান খোঁজা উচিত। বিশেষজ্ঞদের মতে, জেসিপিওএ চুক্তির মেয়াদ শেষ হওয়ায় মধ্যপ্রাচ্যে নতুন করে উত্তেজনা তৈরি হতে পারে। ইরান এখন আর পরমাণু সমৃদ্ধকরণের সীমা মানতে বাধ্য নয়, যা তাকে পারমাণবিক অস্ত্র তৈরির সক্ষমতা অর্জনের কাছাকাছি নিয়ে যেতে পারে। তবে ইরান বারবারই দাবি করেছে, তাদের কর্মসূচি কেবলমাত্র জ্বালানি উৎপাদন ও চিকিৎসা গবেষণার মতো শান্তিপূর্ণ উদ্দেশ্যে ব্যবহারের জন্য।

## পাকিস্তানের সঙ্গে সংঘাতে ভারতের ভূমিকা নেই : আফগান প্রতিরক্ষামন্ত্রী

সূর্যোদয় প্রতিবেদন

আফগানিস্তান ও পাকিস্তানের মধ্যে সাম্প্রতিক সীমান্ত উত্তেজনায় ভারতের কোনো ভূমিকা নেই বলে জানিয়েছেন ইসলামিক আমিরাত অব আফগানিস্তানের প্রতিরক্ষামন্ত্রী মৌলভি মোহাম্মদ ইয়াকুব মুজাহিদ। তিনি বলেছেন, ইসলামাবাদের সঙ্গে সম্পর্ক সুপ্রতিবেশীসুলভ আচরণ ও বাণিজ্য সম্প্রসারণের ভিত্তিতেই গড়ে তুলতে চায় কাবুল। সোমবার আফগান সংবাদমাধ্যম টোলোনিউজ জানায়, আলজাজিরাকে দেওয়া এক সাক্ষাৎকারে আফগান প্রতিরক্ষামন্ত্রী বলেন, "আফগানিস্তান ও পাকিস্তান প্রতিবেশী দেশ। তাদের মধ্যে উত্তেজনা কোনো পক্ষের জন্যই লাভজনক নয়। আমাদের সম্পর্ক পারস্পরিক শ্রদ্ধা ও সুপ্রতিবেশীসুলভ নীতির ওপর প্রতিষ্ঠিত হওয়া উচিত।" সাম্প্রতিক সীমান্ত সংঘাতে ভারতের কথিত সংশ্লিষ্টতা নিয়ে প্রশ্ন করা হলে ইয়াকুব মুজাহিদ তা সরাসরি প্রত্যাখ্যান করেন। তিনি বলেন, "এই অভিযোগগুলো সম্পূর্ণ ভিত্তিহীন। আমাদের নীতি কখনোই আফগান ভূমিকে অন্য কোনো দেশের বিরুদ্ধে ব্যবহারের অনুমতি দেয় না। আমরা একটি স্বাধীন রাষ্ট্র হিসেবে ভারতের সঙ্গে স্বাভাবিক সম্পর্ক বজায় রাখি এবং তা জাতীয় স্বার্থের কাঠামোর মধ্যেই শক্তিশালী করতে চাই।" আফগান প্রতিরক্ষামন্ত্রী বলেন, পাকিস্তানের অভিযোগগুলো "ভিত্তিহীন, অযৌক্তিক ও অগ্রহণযোগ্য।" তিনি আরও যোগ করেন, কাবুলের লক্ষ্য হলো দুই দেশের সম্পর্ক উন্নত করা, উত্তেজনা সৃষ্টি নয়। "আমরা সুপ্রতিবেশীসুলভ সম্পর্কের ভিত্তিতে পাকিস্তানের সঙ্গে সম্পর্ক রক্ষা করতে চাই। উত্তেজনা আমাদের লক্ষ্য নয়।